দৈনিক ইনকিলাব 13

Jan

তারিখ ... 24 ... 1990
পৃষ্ঠা ... 2 ... কলাম 3 ...

## পরীক্ষার্থীদের দাবী না মানায় কার্জন হলে তালা

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগের দ্বিতীয় বর্ষ সম্মান পরীক্ষার্থীদের দাবী অনুযায়ী পরীক্ষার তারিখ পেছানো হয়নি বলে তারা গত সোমবার থেকে কার্জন হলে তালা দিয়েছে।

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## পরীক্ষার্থীদের

— প্রথম পৃষ্ঠার পর

এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বলেছেন, পূর্ব নির্ধারিত সময়সূচী অনুযায়ী আগামী ১৫ই ফেব্রুয়ারী থেকে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আব্দুল মান্নানের সভাপতিত্বে গতকাল মঙ্গলবার বিজ্ঞান ও জীব বিজ্ঞান অনুষদের ডীন, চেয়ারম্যান ও সকল শিক্ষকের এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে, উক্ত অনুষদ দু'টোর অধীনে বার্ষিক কোর্স পদ্ধতির ১৯৮৮ সালের দ্বিতীয় বর্ষ বিএসসি ও বি -ফার্ম সম্মান পরীক্ষা পূর্ব ঘোষিত তারিখ অনুযায়ী ১৫ই ফেব্রুয়ারী থেকে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের দাবীতে. ইতিমধ্যে এ পরীক্ষা ২ বার পিছিয়ে ১৫ই ফেব্রুয়ারী করা হয়েছে।

সভার সিদ্ধান্তে বলা হয়, উক্ত পরীক্ষাসমুহ পিছানোর জন্য যে সকল মুষ্টিমেয় ছাত্র-ছাত্রী সন্ত্রাসী কার্যকলাপে লিপ্ত রয়েছে তাদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে। সভায় পরীক্ষা চলাকালীন সময়ে কঠোর পুলিশ প্রহরা এবং ছাত্রদের দেহ তল্লাশী করে পরীক্ষার হলে ঢোকানোর সিদ্ধান্ত নেয়া হয়। বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা যথারীতি নির্ধারিত তারিখে অনুষ্ঠিত হবে বলে সিদ্ধান্তে উল্লেখ করা হয়।